

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

২৪২৫
৫৫৭
২/১৩/২২

নম্বর-১৩.০১.০০০০.০৩৩৩.২৭.০৮১.১৫.

তারিখ: ১০/২০২২ খ্রি.

“আদেশ”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তর হতে কোনো অভিযোগ বা অনিয়মের বিষয়ে মাঠ পর্যায়ে তদন্তের জন্য নির্দেশিত হলে মাঠ পর্যায়ের দপ্তর কর্মকর্তাগণ নিজে তদন্ত না করে তার অধীন কর্মকর্তাদের মধ্যে হতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করেন। তদন্ত কর্মকর্তা সংশ্লিষ্ট বিষয় তদন্তপূর্বক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/ জেলা খাদ্য নিয়ন্ত্রক/ সাইলো অধীক্ষক বরাবর প্রতিবেদন প্রেরণ করেন। খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত কর্মকর্তা প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে তাদের সুনির্দিষ্ট মতামত ব্যক্ত না করে তদন্ত কর্মকর্তার মতামতের সাথে একমত পোষণ করে তদন্ত প্রতিবেদন খাদ্য অধিদপ্তরে প্রেরণ করেন, যা মোটেই কাম্য নয়। এছাড়া কোনো কোনো ক্ষেত্রে তদন্ত প্রতিবেদনের বিষয়ে কোনো মন্তব্য না করে কেবল অগ্রগামী পত্রসহ তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। ফলে তদন্ত প্রতিবেদনের যথার্থতা সম্পর্কে সংশয়ের অবকাশ থাকে এবং সংশ্লিষ্ট বিষয়টি নিষ্পত্তির সিদ্ধান্ত গ্রহণে জটিলতার সৃষ্টি হয়।

এমতাবস্থায়, অধীন কর্মকর্তা/কর্মচারী দ্বারা সম্পন্ন তদন্ত প্রতিবেদন খাদ্য অধিদপ্তরে প্রেরণকালে গতানুগতিকভাবে 'তদন্ত প্রতিবেদনের সাথে একমত পোষণ' উল্লেখ না করে সে বিষয়ে সুনির্দিষ্ট মতামত উল্লেখপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ শাখাওয়াত হোসেন

মহাপরিচালক (গ্রেড-১)

খাদ্য অধিদপ্তর, ঢাকা

ফোন: ০২-২২৩৩৫৪৮৩

ই-মেইল: dg@dgfood.gov.bd

তারিখ: ২৫/১০/২০২২ খ্রি.

নম্বর-১৩.০১.০০০০.০৩৩৩.২৭.০৮১.১৫.৭৩২(২২)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৩। অতিরিক্ত পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৫। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/স্টিল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট
- ৬। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৮। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ৯। সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
(জারীকৃত পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১০-১১। অফিস কপি/ মাস্টার কপি

১৩/১০/২২

মোঃ হাসান আল নাসিম

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

তদন্ত ও মামলা শাখা

প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

ফোন: ০২-৪১০৫০০৯৩

ই-মেইল: dd.enp@dgfood.gov.bd